**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**গণগ্রন্থাগার অধিদপ্তর**
**জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ**

**website : www.publiclibrary.sunamganj.gov.bd.com**
ই-মেইল : dgpl.sunam@gmail.com. ফোন : ০২৯৯৬৬০০২৫৩।

| অফিস কর্তৃক পূরণীয় |
|---|
| সদস্য নং : |
| তারিখ : |
| স্বাক্ষর |

# সদস্য ফরম

বরাবর,
লাইব্রেরিয়ান,
জেলা সরকারি গণগ্রন্থাগার.
সুনামগঞ্জ।

মহদোয়,

আমি গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন **জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ** হতে ধারে বই নেয়ার জন্য সদস্য হতে আগ্রহী। নিম্নে আমার পরিচিতি উল্লেখ করলাম :

১. নাম :

২. পিতার নাম :

৩. মাতার নাম :

৪. জাতীয় পরিচয় পত্রের নম্বর/ জন্ম নিবন্ধন সনদের নম্বর :

৫. বর্তমান ঠিকানা :
মোবাইল নম্বর (অভিভাবকের)

৬. স্থায়ী ঠিকানা :
মোবাইল নম্বর (অভিভাবকের)

৭. বয়স :

৮. পেশা ও কর্মস্থলের ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) :

৯. শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

(ক) শ্রেণি : (খ) শাখা : (গ) রোল নম্বর :

আমি ঘোষণা করছি যে, উল্লিখিত বিবরণ সঠিক এবং আমি বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা মেনে চলতে বাধ্য থাকবো।

অভিভাবকের স্বাক্ষর (প্রয়োজ্য ক্ষেত্রে) আবেদনকারীর স্বাক্ষর

আবেদনকারী এই শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত। বর্ণিত তথ্যসমূহ সত্য। আমি তার সদস্যপদ প্রদানের জন্য সুপারিশ করছি। এই সদস্য কর্তৃক জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ হতে ধারে গৃহীত বই যথাযথভাবে ও যথাসময়ে ফেরত প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/শ্রেণি শিক্ষক
স্বাক্ষর ও সীল

জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ

# বই ধার নীতিমালা, ২০২২

| | |
|---|---|
| ▶ | নিবন্ধিত সদস্যগণ বই ধার নেয়ার ক্ষেত্রে নীতিমালার শর্তসমূহ পালন করতে হবে। |
| ▶ | বই ধার গ্রহণের জন্য আগ্রহী পাঠককে সদস্য হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সরকারি গণগ্রন্থাগার থেকে নীতিমালাসহ আবেদনপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। |
| ▶ | সদস্যের ধরণ হবে ০৩ (তিন) প্রকার যা নিম্নরূপ :<br>(ক) শিশু সদস্য : অনুর্ধ্ব ১৮ বছর।<br>(খ) ছাত্র-ছাত্রী সদস্য : যাদের বয়স ১৮ বছরের উর্ধ্বে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত।<br>(গ) সাধারণ সদস্য : ছাত্র/ছাত্রী ব্যতীত ১৮ বছরের বেশি বয়সের সর্বসাধারণ। |
| ▶ | সদস্য ফরমের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের (NID) অনুলিপি/জন্মনিবন্ধন সনদের অনুলিপি অথবা শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। |
| ▶ | গেজেটেড সরকারি কর্মকর্তা বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১(এক) কপি ও স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে। |
| ▶ | সাধারণ সদস্যদের ক্ষেত্রে ১০০০/-(এক হাজার) টাকা, ছাত্র-ছাত্রী সদস্যের ক্ষেত্রে ৫০০/-(পাঁচশত) টাকা, শিশু সদস্যের ক্ষেত্রে ২০০/-(দুইশত) টাকা এবং মেয়াদকাল সন্তোষজনকভাবে উত্তীর্ণ হওয়ার পরেই তা ফেরতযোগ্য। |
| ▶ | সদস্যের সদস্য পদের মেযাদকাল ১(এক) বছর। তবে আগ্রহী পাঠকেরা মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ৫০/-(পঞ্চাশ) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য কার্ড নবায়ন করতে পারবেন। |
| ▶ | প্রত্যেক সদস্যকে এককালীন ২(দুই)টি বইয়ের বেশী ধার দেয়া হবে না। সর্বোচ্চ ১৫ (পনের) দিনের জন্য বই ধার দেয়া হবে। অন্য কোন পাঠকের চাহিদা না থাকলে একই পাঠক একই বই ধারাবাহিকভাবে সর্বোচ্চ ২(দুই) বার ধার নিতে পারবেন। |
| ▶ | কোন সদস্য ধার নেয়া কোন বই হারিয়ে ফেললে বা ক্ষতিসাধন করলে বই এর মূল্যের দ্বিগুণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন। |
| ▶ | নির্ধারিত সময়ের মধ্যে বই ফেরত দিতে ব্যর্থ হলে সদস্যদের নিকট থেকে ১ম সপ্তাহে প্রতিদিনের জন্য বই প্রতি ৫/-(পাঁচ) টাকা হারে এবং ২য় সপ্তাহ থেকে প্রতি দিনের জন্য ১০/-(দশ) টাকা হারে জরিমানা আদায় করা হবে। |
| ▶ | যদি ৩০(ত্রিশ) দিনের মধ্যে কোন সদস্য বই ফেরত দিতে ব্যর্থ হয় তাহলে তাঁর জামানত বাজেয়াপ্ত করা এবং সদস্য পদ বাতিল করা হবে। |
| ▶ | কার্ড হারিয়ে গেলে অনতিবিলম্বে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে পুনরায় কার্ড গ্রহণ করা যাবে। |
| ▶ | রেফারেন্স বই, দুষ্প্রাপ্য বই, বিদেশী বই, সাময়িকী ও পত্র-পত্রিকা ধার দেয়া হবে না। |
| ▶ | কোন সদস্য বই ধার সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তাঁর সদস্যপদ বাতিল করাসহ জামানত বাজেয়াপ্ত করা হবে। |
| ▶ | যদি কোন সদস্যের বর্তমান ঠিকানা বা মোবাইল ফোন নম্বর পরিবর্তন হয় তবে অবশ্যই তা কর্তৃপক্ষকে জানাতে হবে। |
| ▶ | জামানতের টাকা ১(এক) বৎসরের পূর্বে উত্তোলন করা যাবে না। |
| ▶ | এই নীতিমালায় বর্ণিত যে কোন শর্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে পারবেন। বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। |

জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ

# অত্র বই ধার নীতিমালা, ২০২২ গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ২৭-৪-২০২২ তারিখে স্বাক্ষর করেছেন।
বিস্তারিত জানতে ভিজিট করুন : www.publiclibrary.gov.bd অথবা অথবা www.publiclibrary.sunamganj.gov.bd